নমুনা প্রশ্ন

ইসলাম শিক্ষা (সৃজনশীল)

এইচএসসি প্রোগ্রাম

প্রথম পত্র

বিষয় কোড : ১৮৬১

সময় : ২.৩০ মিনিট পূর্ণমান: ৬০

[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ুন এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর উত্তর দিন। যে কোন ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]

১। মকবুল আহমেদ একজন ধার্মিক ব্যক্তি। তিনি এলাকার কিছু মুরব্বী লোকদের সাথে আলোচনা করে রসূলপুর গ্রামে একটি শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তোলেন। সেখানে এলাকার ছোট ছেলে-মেয়েরা কুরআন তেলাওয়াত, বিভিন্ন দোয়া ও মাসায়ালা শিক্ষা লাভ করে। ঐ প্রতিষ্ঠানেরই শিক্ষক ইকবাল আহমাদ ইমামতি ছাড়াও প্রয়োজনে রোগীদেরকে হাসপাতালে নিয়ে যান এবং দূর্যোগ মোকাবেলায় জনগণকে সচেতন করেন।

(ক) ইসলাম শব্দের অর্থ কী? ১

(খ) “তোমরা এক আদমের সন্তান আর আদম মাটির তৈরি”-ব্যাখ্যা করুন। ২

(গ) মকবুল আহমাদের গড়ে তোলা প্রতিষ্ঠানটি কোন ধরনের? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে জনাব ইকবাল আহমেদের কর্মকাণ্ডের সামাজিক প্রভাব বিশ্লেষণ করুন। ৪

২। জনাব আরাফাত একজন উচ্চ পদস্থ কর্মকর্তা। তিনি নিয়মিত সালাতসহ ইসলামের অন্যান্য বিধানাবলি পালন করে থাকেন। কিন্তু উৎকোচ গ্রহণ ছাড়া তিনি অফিসের ফাইল সই করেন না। স্থানীয় মসজিদের ইমাম সাহেব বিষয়টি জানার পর বললেন “ইবাদতের পূর্বশর্তহলো হালাল উপার্জন।

(ক) সবর শব্দের অর্থ কী? ১

(খ) “ইমান ও কুফরের মধ্যে পার্থক্য হলো নামাজ ছেড়ে দেয়া”- ব্যাখ্যা করুন। ২

(গ) উদ্দীপকে জনাব আরাফাতের উপার্জন কীরূপ? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) ইমাম সাহেবের মন্তব্যের যথার্থতা মূল্যায়ন করুন। ৪

৩। রাশেদ পিতা-মাতার একমাত্র সন্তান। লেখাপড়া শেষ করে তিনি এখন ঢাকায় একটি সরকারি অফিসে চাকুরি করেন। একদিন তিনি মোবাইল ফোনের মাধ্যমে জানতে পারলেন তার মা ভীষণ অসুস্থ। তিনি দ্রুত তার মাকে অ্যাম্বুলেন্সে করে ঢাকায় নিয়ে একটি হাসপাতালে ভর্তি করলেন। পরীক্ষা নিরীক্ষার পর ডাক্তার জানালেন তার মায়ের অপারেশন করাতে হবে, খরচ পড়বে প্রায় এক লক্ষ টাকা। রাশেদ বিষয়টি নিয়ে চিন্তিত হলে, তার স্ত্রী ফাতেমা বললো চিন্তার কোনো কারণ নেই। আমার ব্যাংকে জমাকৃত টাকা উঠিয়ে আম্মার অপারেশন কর।

(ক) মোহরানা কার অধিকার? ১

(খ) ‘ইসলামী পরিবার একটি শিক্ষালয়’- ব্যাখ্যা করুন। ২

(গ) উদ্দীপকে রাশেদের কার্যকলাপ কিরূপ? কুরআন ও হাদিসের আলোকে ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে ফাতেমার কর্মকাণ্ডটি চিহ্নিতপূর্বক সমাজ জীবনে এর প্রভাব বিশ্লেষণ করুন। ৪

৪। মেহের আলী একজন মাছ ব্যবসায়ী। সে ওজনে কম দেয় এবং বিদেশী শিং মাছকে দেশীয় মাছ বলে বিক্রি করে। অপরদিকে আর এক মাছ ব্যবসায়ী কদম আলী তার কাছে গল্পোচ্ছলে বলে যে, আমি আড়ৎদারকে মাছ ওজনের সময় নিচে লৌহখণ্ড ঝুলিয়ে রাখতে দেখেছি।

(ক) জুয়া কী? ১

(খ) ইহসান বলতে কী বুঝায়? ২

(গ) উদ্দীপকে মেহের আলীর কর্মকাণ্ডটি কোন ধরনের? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে কদম আলীর কাজের পরিণতি আপনার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করুন। ৪

৫। শাহেদা ও রিতা দুই বান্ধবি। একই বিশ্ববিদ্যালয়ে পড়ালেখা করে। তবে মতাদর্শে শাহেদা পুঁজিবাদী অর্থ ব্যবস্থার পক্ষে আর রিতা সমাজতান্ত্রিক অর্থ ব্যবস্থার পক্ষে। মাঝে মাঝেই তারা নিজেদের স্বপক্ষে যুক্তি দাঁড় করানোর চেষ্টা করে আলোচনা করে। একদিন অধ্যাপক হামিদ সাহেব বিষয়টি জানতে পেরে তাদেরকে বললেন, "পাশ্চাত্য অর্থ ব্যবস্থা মানুষের সার্বিক কল্যাণ দিতে পারে না।

(ক) যাকাতের নিসাব কী? ১

(খ) ওশর ও খারাজের মধ্যে পার্থক্য লিখুন। ২

(গ) শাহেদা ও রিতার চিন্তাধারা কিরূপ? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) অধ্যাপক হামিদ সাহেবের বক্তব্যের যথার্থতা বিশ্লেষণ করুন। ৪

৬। 'ক' একটি পৌরসভা। উক্ত এলাকার জনগণ যথার্থভাবে পৌরকরসহ যাবতীয় পাওনাদি পরিশোধ করেও তার পানি, বিদ্যুৎ ও স্বাস্থ্য সেবাসহ সকল সুযোগ সুবিধা নিয়মিত পান না। অপরদিকে পৌর মেয়র 'খ' তার কাউন্সিলরদের সাথে পরামর্শ করে পৌরবাসীর সমস্যার সমাধান করে থাকেন। যেমন: কবরস্থান নির্মাণ, পুকুর খনন, বিনোদনের জন্য পার্ক নির্মাণ।

(ক) ইসলামী রাষ্ট্রের মৌলিক উপাদান কি কি? ১

(খ) মদীনার সনদ বলতে কী বুঝায়? ২

(গ) পৌর মেয়র 'খ' এর কার্যাদি ইসলামের কোন বিধানের সাথে সামঞ্জস্যশীল? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) 'ক' পৌর এলাকার জনগণের প্রাপ্য সুবিধাগুলো তোমার পাঠ্যপুস্তকের আলোকে বিশ্লেষণ করুন। ৪

৭। জনাব আবদুস সালাম একজন কলেজ শিক্ষক। তিনি তার এলাকার রাস্তার দুপাশে বিভিন্ন প্রকার গাছ লাগিয়েছেন। এছাড়াও তিনি রাস্তার মোড়ে মোড়ে ময়লা-আবর্জনা ফেলার জন্য 'ডাস্টবিন' বসান। অপর দিকে তার প্রতিবেশী আসমা বেগম গার্মেন্টস থেকে বাড়ী ফেরার পথে একটি মৃত প্রায় কুকুর ছানাকে গর্ত থেকে তুলে এনে সেবা-যত্ন করে তাকে সুস্থ করে তোলেন।

(ক) উখওয়াত শব্দের অর্থ কী? ১

(খ) "গোটা মানবজাতি একই উম্মাহ"-ব্যাখ্যা করুন। ২

(গ) উদ্দীপকে জনাব আব্দুস সালামের কর্মকাণ্ডে ইসলামের কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে আসমা বেগমের কর্মকাণ্ডটি ইসলামের আলোকে মূল্যায়ন করুন। ৪

৮। রবিউল ইসলাম একজন সম্ভ্রান্ত মুসলিম পরিবারের সন্তান। তিনি দীর্ঘদিন পশ্চিমা দেশে প্রবাস জীবনযাপন করে সম্প্রতি দেশে ফিরেছেন। পাড়া প্রতিবেশীর সঙ্গে দেখা-সাক্ষাতে তিনি গুড মর্নিং গুড ইভিনিং পরিভাষা ব্যবহার করেন। অপরদিকে তার ভাই সিরাজুল ইসরাম একজন চাষী হলেও তিনি নিয়মিত নামাজ আদায় করেন এবং জাহান্নামের ভয়ে যাবতীয় পাপাচার থেকে বিরত থাকেন।

(ক) 'মক্তব' শব্দের অর্থ কী? ১

(খ) 'ইসলাম শিক্ষা তাওহীদ ভিত্তিক'- ব্যাখ্যা করুন। ২

(গ) রবিউল ইসলামের কর্ম-কাণ্ড কিসের পরিপন্থি-ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে সিরাজুল ইসলামের কর্ম-কাণ্ড ইসলামের দৃষ্টিতে মূল্যায়ন করুন। ৪

৯। জাফর আলী একজন সৎ ও দরিদ্র কৃষক। তার একটি গাভী আছে। তিনি দুধ বিক্রি করে কোনো রকেমে সংসার পরিচালনা করেন। তার সংসারে অভাব অনটন লেগেই থাকে। এতে তাঁর স্ত্রী জামিলা মাঝে মধ্যে বিরক্ত হয়ে অতিরিক্ত আয়ের জন্য দুধে পানি মিশিয়ে ও ওজনে কম দিয়ে বিক্রি করতে বলে। কিন্তু তিনি স্ত্রীকে বুঝিয়ে বলেন, "মানুষকে ফাঁকি দেয়া গেলেও আল্লাহর দৃষ্টিকে ফাঁকি দেয়া সম্ভব নয়।"

(ক) 'যিকর' শব্দের অর্থ কী? ১

(খ) দেশপ্রেম বলতে কী বুঝায়? ২

(গ) উদ্দীপকে জামিলার চরিত্রে কোন বিষয়টি ফুটে উঠেছে? ব্যাখ্যা করুন। ৩

(ঘ) উদ্দীপকে জনাব জাফর আলীর মন্তব্যটিকে আপনি সমর্থন করেন কী? যুক্তি দিয়ে বুঝিয়ে দিন। ৪

নমুনা প্রশ্ন
বহু নির্বাচনি
ইসলাম শিক্ষা (সৃজনশীল)
১ম পত্র
এইচএসসি প্রোগ্রাম
বিষয় কোড : ১৮৬১

সময় : ৪০ মিনিট পূর্ণমান: ৪০

[দ্রষ্টব্য: ৪০টি প্রশ্নের উত্তর দিন। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. 'কানুন ফিত্তিব' গ্রন্থটির রচয়িতা-
(ক) আবু বকর আল-রাযি (খ) ইবনে সিনা
(গ) হাসান ইবনে হায়সাম (ঘ) আল ফারাবী

২. স্ত্রীর মহর পরিশোধ করা−
(ক) ফরয (খ) মোস্তাহাব (গ) সুন্নাত (ঘ) মোবাহ

৩. তাওয়াক্কুল বলতে বুঝায়−
(ক) ধৈর্যধারণ (খ) স্মরণ
(গ) নির্ভরশীলতা (ঘ) কৃতজ্ঞতা

নিচের উদ্দীপকের আলোকে ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দিন−

উজিরপুর গ্রামের রমিজ আলী আর্থিক অনটনের কারণে গ্রামে ধনাঢ্য ব্যবসায়ী রিফাত চৌধুরীর নিকট গেলে তিনি পাঁচ হাজার টাকা ঋণ দেন এবং এক বছর পর অতিরিক্ত এক হাজার টাকাসহ ফেরত দিতে বলেন। অপরদিকে তার প্রতিবেশী কৃষক মঈনুল হাসান তার প্রতি সহানুভূতিশীল হয়ে তাকে দশ মণ ধান প্রদান করেন।

৪. জনাব রিফাত চৌধুরীর কাজটি−
(ক) ইহসান (খ) করজে হাসনাহ
(গ) সুদ (ঘ) পরোপকার

৫. জনাব মঈনুল হাসানের কর্মকাণ্ডের ফলে সমাজে−
i. সহানুভূতি সৃষ্টি হবে
ii. আল্লাহর নৈকট্য লাভ করবে
iii. শান্তি প্রতিষ্ঠিত হবে
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৬. পার্শ্ববর্তী কতঘর পর্যন্ত প্রতিবেশী?
(ক) ৩০ (খ) ৪০ (গ) ৬০ (ঘ) ৭০

৭. জিহাদ কত প্রকার?
(ক) ২ (খ) ৩ (গ) ৪ (ঘ) ৫

৮. কোন ইবাদতের প্রতিদান আল্লাহ নিজ হাতে দিবেন?
(ক) সাওম (খ) হজ্ব (গ) যাকাত (ঘ) নামায

নিচের উদ্দীপকের আলোকে ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দিন−

রহিম মিয়া একজন চিনি ব্যবসায়ী। রাতারাতি বড়লোক হওয়ার জন্য চিনির সাথে ময়দা মিশিয়ে বিক্রি করেন। ইহা জানতে পেরে রহিম মিয়ার বড় ছেলে তার পিতাকে বলে ইহা আইনত অপরাধ। পিতা উত্তরে বলেন, ইহাতো কেউ কেউ দেখছেন না। প্রতি উত্তরে ছেলে বলল, কেউ না দেখলেও আল্লাহ দেখছেন।

৯. উদ্দীপকে বর্ণিত রহিম মিয়ার কর্মকাণ্ড কিসের শামিল?
(ক) প্রতারণা (খ) মিথ্যাচার
(গ) চৌর্যবৃত্তি (ঘ) কর্তব্যে অবহেলা

১০. রহিম মিয়ার ছেলের আচরণের ফলে−
(ক) ব্যবসায়িক ক্ষতি হবে
(খ) আত্মা পরিশুদ্ধ হবে
(গ) সাফল্য অর্জন বাধাগ্রস্ত হবে
(ঘ) পিতার প্রতি অবজ্ঞা বেড়ে যাবে

১১. যাকাত বণ্টনের খাত কয়টি?
(ক) ৩ (খ) ৫ (গ) ৭ (ঘ) ৮

নিচের উদ্দীপকের আলোকে ১২ ও ১৩নং প্রশ্নের উত্তর দাও−

দ্বাদশ শ্রেণির ছাত্র আবির বাসে এক বৃদ্ধ লোককে কোলে শিশুসহ দাঁড়িয়ে থাকতে দেখে নিজের আসন ছেড়ে দিয়ে তাকে বসতে দিল। এতে বৃদ্ধ লোকটি খুশি হয়ে তারমাথায় হাত বুলিয়ে দিলেন এবং দোয়া করলেন।

১২. বৃদ্ধ লোকটির আচরণে প্রকাশ পেয়েছে−
(ক) ইহসান (খ) তাওয়াক্কুল
(গ) শোকর (ঘ) কর্তব্যপরায়ণতা

১৩. আবিরের আচরণের ফলে−
i. কর্তব্যপরায়ণতা বৃদ্ধি পাবে
ii. শিশু অধিকার রক্ষিত হবে
iii. আল্লাহর নৈকট্য অর্জিত হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii

১৪. মৃত ভাইয়ের গোস্ত খাওয়া কিসের সাথে তুলনীয়?
(ক) গালি দেয়া (খ) গিবত করা
(গ) প্রহার করা (ঘ) হত্যা করা

১৫. পবিত্র কুরআন এর আয়াতের আলোকে স্বামী স্ত্রী পরস্পর–
(ক) ভূষণ (খ) সম্পদ (গ) বন্ধু (ঘ) অভিভাবক

১৬. মিঃ রবার্ট ইসলামি রাষ্ট্রের একজন নাগরিক। তিনি সরকার থেকে জমি বন্দবস্ত নিয়ে চাষাবাদ করেন এবং নির্ধারিত হারে সরকারকে রাজস্ব দেন। এ ক্ষেত্রে মিঃ রবার্ট কী প্রদান করেন?
(ক) উশর (খ) খারাজ (গ) জিজিয়া (ঘ) যাকাত

১৭. ইসলামি রাষ্ট্রে নাগরিকের অধিকার হলো–
i. ব্যক্তি স্বাধীনতা ii. ধর্ম-কর্মের স্বাধীনতা
iii. সম্পদের অবাধ মালিকানা
নিচের কোনটি সঠিক?
(ক) i (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮. খিদমাতে খালক অর্থ কী?
(ক) আল্লাহর সাহায্য (খ) সৃষ্টির অধিকার
(গ) সৃষ্টির প্রতি দয়া (ঘ) সৃষ্টির সেবা

১৯. হযরত খানজাহান আলী (রহ.) ইসলাম প্রচার করেন কোন অঞ্চলে?
(ক) চট্টগ্রাম (খ) সিলেট (গ) বরিশাল (ঘ) খুলনা

২০. মুসলিম বিজ্ঞানীদের ভূগোল চর্চার ফলে–
(ক) পৃথিবী বাসযোগ্য হয়
(খ) জীব বৈচিত্র্য বৃদ্ধি পায়
(গ) কিবলা নির্ধারণ সহজ হয়
(ঘ) জ্যোতিঃশাস্ত্র উন্নত হয়

নিচের উদ্দীপকের আলোকে ২১ ও ২২নং প্রশ্নের উত্তর দিন–

‘ক’ নামক শহরে নগর জীবনের ব্যস্ততা ভুলে সর্বশ্রেণির মানুষ পারস্পরিক সহযোগিতা ও উন্নয়নমূলক কাজে অংশগ্রহণ করে। তারা নগরের সমাজবিরোধী কাজ প্রতিরোধ করে, নামাজ, রোজা ও ঈদ উৎসব পালন করে। এক ঈদের খুতবায় খতিব সাহেব বললেন, নগরের টেকসই শান্তির জন্য মসজিদকে কার্যকর করা কর্তব্য।

২১. ‘ক’ নামক শহরে কিসের প্রতিফলন লক্ষণীয়?
(ক) ইসলামি সমাজব্যবস্থা (খ) বিশ্ব ভ্রাতৃত্ববোধ
(গ) নাগরিক অধিকার (ঘ) ইমামের কর্তব্যবোধ

২২. খতিব সাহেবের নির্দেশনা কার্যকর হলে নগরে–
i. সামাজিক অপরাধ হ্রাস পাবে
ii. মসজিদের সংখ্যা বেড়ে যাবে
iii. ভ্রাতৃত্ববোধ সুদৃঢ় হবে
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৩. প্রকৃতপক্ষে যা নয় তা প্রকাশ করাকে কী বলে?
(ক) সততা (খ) শঠতা
(গ) মিথ্যা (ঘ) অবাস্তব

২৪. নিচের কোনটিতে এক পঞ্চমাংশ কর দিতে হবে?
(ক) খনিজ সম্পদে (খ) উপরি জমির ফসলে
(গ) খারাজি জমির ফসলে (ঘ) পশুর যাকাতে

২৫. মদিনা সনদের স্বাক্ষরকারী পক্ষগুলো হলো–
(ক) আউস ও খাজরাজ (খ) মুসলিম ও কুরাইশ
(গ) মুসলিম ও মদিনার বিভিন্ন গোত্র-
(ঘ) কুরাইশ, ইয়াহুদী ও খ্রিস্টান

২৬. সন্তানের প্রতি পিতার সর্বোৎকৃষ্ট দান হলো–
(ক) সম্পদ (খ) বাসস্থান
(গ) বিয়ের ব্যবস্থা (ঘ) সুশিক্ষা

নিচের উদ্দীপকের আলোকে ২৭ ও ২৮ নং প্রশ্নের উত্তর দিন–

প্রফেসর আবিদ রহমান বিখ্যাত গ্রীক পণ্ডিত এরিস্টোটলের অনুকরণে একটি গ্রন্থ রচনা করেন। উক্ত গ্রন্থে তিনি জগৎ ও প্রকৃতির সাথে মানুষের সম্পর্ক ও বস্তুর চিরন্তনতা বিষয়ে আলোচনা করেন। তবে তিনি শ্রদ্ধাভরে স্মরণ করেন একাদশ-দ্বাদশ শতাব্দীর সেইসব মুসলিম বিজ্ঞানীদের যারা বস্তুর আয়তন,পরিধি ও সমীকরণ বিষয়ে ব্যাপক গবেষণা করেন ও এ ক্ষেত্রে নতুন নতুন শাখা উদ্ভাবন করেন

২৭. উদ্দীপকে উল্লিখিত প্রফেসর আবিদ রহমানের গ্রন্থের সাথে নিচের কোন গ্রন্থের মিল রয়েছে?
(ক) কিতাব আশ-শিফা (খ) কানুন ফিত তিব্ব
(গ) সুরাতুল আরদ (ঘ) শাহনামা

২৮. উদ্দীপকে উল্লিখিত একদাশ-দ্বাদশ শতাব্দীর গবেষণার ফলে–
i. দর্শনে ব্যাপক উন্নতি হয়
ii. জ্যামিতি শাস্ত্রে ব্যাপক উন্নতি হয়
iii. ক্যালকুলাস ব্যাপক সমৃদ্ধ হয়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii

(গ) i ও iii (ঘ) i, ii ও iii

প্রফেসর ইয়াকুব হোসেন ইসলামি শিক্ষার ক্লাসে আলোচনার এক পর্যায়ে বলেন, মানুষ পরস্পর ভাই-ভাই, তাদের আদি উৎস আদম ও হাওয়া (আ) তাইতো আল্লাহপাক বলেন, “মানুষ একই উম্মাহর অন্তর্ভুক্ত।”

২৯. উদ্দীপকে প্রফেসর ইয়াকুব কিসের প্রতি ইঙ্গিত করেন?
(ক) মানবাধিকার (খ) ইসলামি ভ্রাতৃত্ব
(গ) আদর্শিক ভ্রাতৃত্ব (ঘ) বিশ্ব ভ্রাতৃত্ব

৩০. একজন দাঈর বৈশিষ্ট্য হলো–
i. বয়ঃবৃদ্ধ হওয়া ii. আমলদার হওয়া
iii. উপস্থিত বুদ্ধি থাকা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) ii ও iii
(গ) i ও iii (ঘ) i, ii ও iii

৩১. যিনি আল্লাহকে একমাত্র ইলাহ এবং মুহাম্মদ (স.) কে তাঁর মনোনীত রাসূল হিসেবে বিশ্বাস করেন না, তিনি নিচের কোন বিষয়টিকে অস্বীকার করেছেন?
(ক) তাওহীদ ও রিসালাতে
(খ) তাওহীদ, রিসালাত ও আখিরাতে
(গ) ইমান গ্রহণে
(ঘ) আল্লাহর সাথে শরীক করতে।

৩২. মকতবের মাধ্যমে একজন শিশু শিক্ষা লাভ করে ?
(ক) জাগতিক শিক্ষা
(খ) ইসলামের মৌলিক শিক্ষা
(গ) সাধারণ শিক্ষা
(ঘ) আধুনিক শিক্ষা

৩৩. মুসলিম শাসনামলে স্পেন জ্ঞান-বিজ্ঞান সম্প্রসারণ কেন্দ্র ছিল-কারণ
(i) মুসলমানগণ জ্ঞান-বিজ্ঞানে বিমূখ ছিলেন
(ii) মুসলমানগণ সেখানে বিশ্ববিখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান গড়ে তুলেছিলেন
(iii) স্পেনে শতশত বিজ্ঞানীর জন্ম হয়েছিল।
নিচের কোনটি সঠিক ?
(ক) (i) ও (iii) (খ) (i) ও (ii)
(গ) (ii) ও (iii) (ঘ) (i), (ii) ও (iii)

৩৪. হযরত শাহ মাখদুম (র.) কোন এলাকা থেকে ইসলাম প্রচারের জন্য বাংলাদেশে আগমন করেন?
(ক) সৌদি আরব (খ) ইরান
(গ) বাগদাদ (ঘ) আফগানিস্তান

৩৫. ইসলামি পরিবার কোন নীতির ভিত্তিতে গড়ে ওঠে?
i. বংশীয় নীতির ভিত্তিতে
ii. বিশেষ কোন নীতির ভিত্তিতে
iii. ইসলামি নীতির ভিত্তিতে
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. ii গ.iii

নিচের উদ্দিপকটি পড়ুন এবং ৩৬ ও ৩৭ নং প্রশ্নের উত্তর দিন।

জনাব আমানুল্লাহ মসজিদে যাওয়ার সময় রাস্তার পাশে দুই ভাইকে অকথ্য ভাষায় ঝগড়া করতে দেখে আদর্শ মানুষের গুণ সম্পর্কে হাদিস ও কুরআন থেকে উদ্ধৃতি দিয়ে তাদের শান্ত হওয়ার পরামর্শ দিলেন।

৩৬. “সকল মানুষ একই সমাজভুক্ত।” -এটি কোন সূরার আয়াত?
i. সূরা আল-আহযাব
ii. সূরা আল-ক্বাসাস iii. সূরা বাকারা
নিচের কোনটি সঠিক?
ক. iii খ. i গ. ii

৩৭. হাদিসের আলোকে আদর্শ মানুষের গুণ কয়টি?
ক. দুটি খ. তিনটি
গ. চারটি ঘ. পাঁচটি

৩৮. ইসলামি সমাজ কী প্রতিষ্ঠা করতে চায়?
i. শান্তি ও কল্যাণ
ii. মৌলিক অধিকার নিশ্চিত iii. ফিতনা
নিচের কোনটি সঠিক?
ক. iii খ. ii গ. i ও ii

৩৯. ‘ভূ-পৃষ্টে বিচরণকারী সকলের জীবিকার দায়িত্ব আল্লাহরই।’-এটি কার বাণী?
ক. মহান আল্লাহ্ খ. রাসূল সা.
গ. সাহাবীগণ ঘ. তাবেয়ীগণ

৪০. ইসলাম অর্থ ব্যবস্থায়-
i. সুদ ঘুষ নিষিদ্ধ
ii. হারাম দ্রব্যের ব্যবসায় নিষিদ্ধ
iii. ব্যবসায়-বাণিজ্য করা অবৈধ
নিচের কোনটি সঠিক?
ক. i খ. i এবং ii
গ. iii ঘ. i, ii এবং iii